

সমবল

জবিতে ছাত্রদল নেতাকে মারধর ছাত্রলীগের

প্রকাশ: ১৮ নভেম্বর ২২ | ০১:১১ | আপডেট: ১৮ নভেম্বর ২২ | ০১:১১

জবি প্রতিবেদক



আফফান মুবাইদুর রহমান নামে ছাত্রদলের এক নেতাকে মারধরের অভিযোগ উঠেছে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) আফফান মুবাইদুর রহমান নামে ছাত্রদলের এক নেতাকে মারধরের অভিযোগ উঠেছে ছাত্রলীগের নেতাকর্মীর বিরুদ্ধে। গতকাল বৃহস্পতিবার দুপুর সাড়ে ১২টার দিকে এ ঘটনা ঘটে।

মুবাইদুর বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের রসায়ন বিভাগের ছাত্র ও সদ্য ঘোষিত জবি শাখা ছাত্রদলের সহসাংগঠনিক সম্পাদক।

প্রত্যক্ষদর্শীরা জানান, মুবাইদুর ক্লাস শেষে মধ্যাহ্নভোজের জন্য বিশ্ববিদ্যালয়ের ক্যাফেটেরিয়ার দিকে গেলে ছাত্রলীগের নেতাকর্মীরা তাঁকে বাঁশ ও লাঠি দিয়ে মারধর করেন। একই শিক্ষাবর্ষের গণিত বিভাগের ছাত্র মাহিমুর রহমান বিজয়ের নেতৃত্বে মারধর করা হয়। বিজয় শাখা ছাত্রলীগ সাধারণ সম্পাদক এস এম আকতার হোসেনের অনুসারী। রাজধানীর একটি ক্লিনিকে চিকিৎসাধীন মুবাইদুর। তাঁর ডান হাতে ও পিঠে ফ্র্যাকচার হয়েছে। হাতের একটি আঙুল ভেঙে গেছে বলে জানা গেছে।

জবি শাখা ছাত্রদলের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মো. হিমেল অভিযোগ করেন, মারধরের সময় ছাত্রলীগ নেতাকর্মীরা মুবাইদুরের মোবাইল ফোন ও মানিব্যাগ কেড়ে নেন।

অভিযোগের বিষয়ে বিজয়ের মোবাইল নম্বরে একাধিকবার কল দিলেও রিসিভ হয়নি। তবে শাখা ছাত্রলীগ সাধারণ সম্পাদক এস এম আকতার হোসাইন বলেন, 'আমাদের সংগঠনের কেউ বৃহস্পতিবার কাউকে মারধর করেছে বলে জানি না। ব্যক্তিগত আক্রোশে কেউ কাউকে মারধর করলে তার দায় তো আমরা নিতে পারি না।'

বিশ্ববিদ্যালয়ের প্রষ্টর অধ্যাপক মোস্তফা কামাল জানান, ক্যাম্পাসে মারামারির বিষয়ে তাঁর কাছে কোনো অভিযোগ আসেনি। তবে এক নিরাপত্তারক্ষী প্রষ্টর অফিসে একটি মোবাইল ফোন জমা দিয়েছেন। উপর্যুক্ত প্রমাণ হাজির করলে মালিককে এটি ফেরত দেওয়া হবে।

© সমকাল ২০০৫ - ২০২২

তারপ্রাপ্ত সম্পাদক : মোজাম্বেল হোসেন | প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com